দৈনিক সংবাদ

তারিখ ... ... JUL 04 2000
পৃষ্ঠা 7 কলাম ... 1 ...

223

# এসএসসি পরীক্ষা ॥ কুমিল্লা বোর্ডে রেকর্ড সংখ্যক পরীক্ষার্থী ফেল করেছে

কুমিল্লা থেকে মাহাবুব আলম বাবু ঃ চলতি বছরের এসএসসি পরীক্ষার ফলাফলে কুমিল্লা বোর্ডে পাসের হার গত ২৫ বছরের মধ্যে সর্বনিম্ন। গত ১১ জুন প্রকাশিত বোর্ডের এ ফলাফলে দেখা গেছে রেকর্ড সংখ্যক পরীক্ষার্থী ফেল করেছে। পরীক্ষায় ফলাফলের এ বিপর্যয়ে সকল মহলে দারুণ উৎকণ্ঠা বিরাজ করছে।

কুমিল্লা শিক্ষা বোর্ডের ১০টি জেলার এ বছর মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৫২ হাজার ৮শ ৩৮ জন। তার মধ্যে পাস করেছে ৫৪ হাজার ১শ ৫৪ জন। প্রথম বিভাগে ১৮ হাজার ৫শ ৬৪ জন। দ্বিতীয় বিভাগে ২৬ হাজার ৪৫ জন, তৃতীয় বিভাগে ১ হাজার ১শ ৭৭ জন। বিশেষ বিবেচনায় পাস করেছে ৮ হাজার ৩শ ২৯ জন। পাসের হার শতকরা ৩৫ দশমিক ৪০ ভাগ। গত বছর কুমিল্লা বোর্ডে এ পাসের হার ছিল ৫৬ দশমিক ৩৮ ভাগ।

গত বছরের তুলনায় এ বছর কুমিল্লা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে ৯ হাজার ৯শ ৫০। কিন্তু গত বছরের তুলনায় পাসের হার কমেছে ২০ দশমিক ৯৮ ভাগ। কুমিল্লা বোর্ডের চলতি বছরের পাসের হার দেশের সবগুলো শিক্ষা বোর্ডের মধ্যে সর্বনিম্ন।

কুমিল্লা শিক্ষা বোর্ডের গত ২৫ বছরের মধ্যে এবারের ফলাফল বিপর্যয় সম্পর্কে বোর্ড চেয়ারম্যান ড. তপন কান্তি চৌধুরী জানান, ব্যাপক গণ টোকাটুকি বা নকলের মহোৎসব নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে বলেই ফেলের সংখ্যা বেড়ে গেছে। তিনি আরও জানান, শিক্ষক এবং শিক্ষার্থীরা যদি নকল নির্ভর না হয়ে শিক্ষামুখী হয় তাহলেই পাসের হার বৃদ্ধি পাবে। এজন্য তিনি প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে দৃষ্টি আকর্ষণ করে চিঠি দিয়েছেন বলে জানান।

অভিজ্ঞ মহলের মতামত হচ্ছে শিক্ষার্থীদের লেখাপড়ার প্রতি অনাগ্রহ, নিয়মিত শ্রেণী পাঠ গ্রহণে অনুপস্থিতি, শিক্ষকদের শিক্ষাদানে অবহেলা, প্রশ্নপত্রের ধরনের পরিবর্তন, সর্বোপরি টেস্ট পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদান ইত্যাদি কারণেই এ বছর ফলাফল এত খারাপ হয়েছে বলে ধারণা করা যায়। শিক্ষার্থীরা নিয়মিত পড়াশুনা করলে, শিক্ষকরা দায়িত্ব সচেতন হলে এ অপ্রত্যাশিত ফলাফল না হওয়ারই কথা ছিল। এ অবস্থা থেকে আগামী দিনের শিক্ষার্থীদের শিক্ষা নেয়া উচিত।